28 MAR 2016
2 কলাম 6

দৈনিক জনকণ্ঠ

# 'বুধবার সারাদেশে সব শিক্ষা প্রতিষ্ঠান এক ঘণ্টা বন্ধ রাখুন'

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।** কুমিল্লার কলেজ ছাত্রী সোহাগী জাহান তনুর খুনীদের গ্রেফতার ও সর্বোচ্চ শাস্তির দাবিতে বুধবার সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠান এক বেলা ১২টা থেকে একটা পর্যন্ত ১ ঘণ্টা বন্ধ রাখার আহ্বান জানিয়েছে গণজাগরণ মঞ্চ। এক সপ্তাহেও খুনী গ্রেফতার না হওয়ায় দেশজুড়ে ক্ষোভ-বিক্ষোভের মধ্যে রবিবার ঢাকা থেকে রোড মার্চ শুরু করে যুদ্ধাপরাধীদের সর্বোচ্চ শাস্তির দাবিতে গড়ে ওঠা এই সংগঠনটি। এদিন বিকেলে কুমিল্লায় পৌঁছে কান্দিরপাড়ে আন্দোলনরতদের সঙ্গে সংহতি প্রকাশের পর অনুষ্ঠিত এক সমাবেশে এই আহ্বান জানান মঞ্চের মুখপাত্র ডা. ইমরান এইচ সরকার।

এসময় তিনি বলেন, সোহাগী জাহান তনুর ধর্ষক ও খুনীদের গ্রেফতার ও শাস্তির দাবিতে ৩০ মার্চ বুধবার সারাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠান বেলা ১২টা থেকে এক ঘণ্টা বন্ধ থাকবে। এই ১ ঘণ্টায় সারাদেশের সব স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় ও মাদরাসার শিক্ষক-শিক্ষার্থী ও কর্মচারীরা নিজ প্রতিষ্ঠানের সামনে বিচার দাবিতে মানববন্ধন করবেন। বুধবারের কর্মসূচীতে সবাইকে অংশ নেওয়ার আহ্বান জানিয়ে ইমরান আরও বলেন, আমরা তনু হত্যার বিচার দাবিতে মাঠে নেমেছি। এর বিচার না হওয়া পর্যন্ত ঘরে ফিরে যাব না।